# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৯৯

১/ বিবিধ

আরবী

كان رسول الله صلى الله عليه وسلم يصوم يوم السبت ويوم الأحد، أكثر مما يصوم من الأيام، ويقول: إنهما عيد المشركين، فأنا أحب أن أخالفهم

ضعيف

أخرجه أحمد (6/324) وابن خزيمة (2167) وابن حبان (941) والحاكم (1/436) وعنه البيهقي (4/303) من طريق عبد الله بن محمد بن عمر بن علي قال: حدثنا أبي عن كريب أنه سمع أم سلمة تقول: فذكره. وقال الحاكم: " إسناده صحيح ". ووافقه الذهبي

قلت: وفي هذا نظر؛ لأن محمد بن عمر بن علي ليس بالمشهور، وقد ترجمه ابن أبي حاتم (4/1/18/81) ولم يذكر فيه جرحا ولا تعديلا. وأما ابن حبان فذكره في " الثقات " على قاعدته! وأورده الذهبي في " الميزان " وقال

" ما علمت به بأسا، ولا رأيت لهم فيه كلاما، وقد روى له أصحاب السنن الأربعة

ثم ذكر له حديثا رواه النسائي ثم قال

" وأورده عبد الحق الإشبيلي في " أحكامه الوسطى "، وقال: إسناده ضعيف

وقال ابن القطان: هو كما ذكر ضعيف، فلا يعرف حال محمد بن عمر. ثم ذكر له بعد حديث كريب عن أم سلمة (قلت: فساق هذا ثم قال:) أخرجه النسائي، قال ابن القطان: فأرى حديثه حسنا. يعني لا يبلغ الصحة

قلت: فأنت ترى أن ابن القطان تناقض في ابن عمر هذا، فمرة يحسن حديثه، ومرة

يضعفه، وهذا الذي يميل القلب إليه لجهالته، لا سيما وحديثه هذا مخالف بظاهره لحديث صحيح ولفظه
" لا تصوموا يوم السبت إلا فيما افترض عليكم، وإن لم يجد أحدكم إلا لحاء عنبة، أو عود شجرة فليمضغه
أخرجه أصحاب السنن وغيرهم وحسنه الترمذي وصححه الحاكم، وإسناده صحيح، بل له طريقان آخران صحيحان، كما بينته في " الإرواء " (رقم 960)
وفيه علة أخرى، وهي أن عبد الله بن محمد بن عمر حاله نحو حال أبيه، لم يوثقه غير ابن حبان، وقال ابن المديني
" وسط ". وقال الحافظ
" مقبول ". يعني عند المتابعة، وإلا فلين الحديث كما نص عليه في المقدمة ولم يتابع في هذا الحديث، فهو لين
ولم أكن قد تنبهت لهذه العلة في تعليقي على " صحيح ابن خزيمة "، فحسنت ثمة إسناده، والصواب ما اعتمدته هنا. والله أعلم

বাংলা

১০৯৯। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শনি ও রবিবারে অন্যান্য দিনের তুলনায় বেশী সাওম পালন করতেন। তিনি বলেনঃ সে দিন দুটি মুশরিকদের ঈদের দিন। আমি তাদের বিরোধিতা করাকে বেশী পছন্দ করি।

হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (৬/৩২৪), ইবনু খুযাইমাহ (২১৬৭), ইবনু হিব্বান (৯৪১), হাকিম (১/৪৩৬) ও তার থেকে বাইহাকী (৪/৩০৩) আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনে উমার ইবনে আলী হতে, তিনি তার পিতা হতে, তিনি কুরায়েব হতে ... বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ তার সনদটি সহীহ। হাফিয যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এতে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ মুহাম্মাদ ইবনু উমার প্রসিদ্ধ নন। ইবনু আবী হাতিম (৪/১/১৮/৮১) তার জীবনী আলোচনা করে ভাল মন্তব্য কিছুই বলেননি। ইবনু হিব্বান তার নীতি অনুযায়ী তাকে "আসসিকাত" গ্রন্থে উল্লেখ করেছেন। হাফিয যাহাবী তাকে “আল-মীযান” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ আব্দুল হক

ইশবীলী “তার একটি হাদীস "আহকামুল ওসতা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তার সনদটি দুর্বল। ইবনু কাত্তান তাকে একবার দুর্বল বলেছেন। আরেকবার বলেছেনঃ তার হাদীস হাসান।

আমি (আলবানী) বলছিঃ তার দুর্বল হওয়াটার দিকেই হৃদয় ধাবিত হচ্ছে। মাজহুল হওয়ার কারণে।

এছাড়া এ হাদীসটি সহীহ হাদীস বিরোধীও বটে। যাতে ফরয সওম ছাড়া শনিবারে অন্য সওম পালন করতে নিষেধ করা হয়েছে।

এ নিষেধ সম্বলিত সহীহ হাদীসটি সুনান রচনাকারী প্রমুখ বর্ণনা করেছেন ["সহীহ্ তিরমিযী" (৭৪৪), "সহীহ আবী দাউদ" (২৪২১) ও "সহীহ ইবনু মাজাহ" (১৭২৬)। আমি “ইরউয়াউল গালীল” গ্রন্থে (নং ৯৬০) এটি সম্পর্কে বর্ণনা করেছি।

আলোচ্য হাদীসটিতে আরেকটি সমস্যা রয়েছে। আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনে উমারের অবস্থা তার পিতার ন্যায়। ইবনু হিব্বান ছাড়া অন্য কেউ তাকে নির্ভরযোগ্য আখ্যা দেননি।

ইবনুল মাদীনী বলেন তিনি মধ্যম। হাফিয ইবনু হাজার বলেনঃ মুতাবায়াতের সময় তিনি মকবুল। অন্যথায় তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন